# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৪. নরমাংস ভক্ষণ ও নিজ সন্তানের মাংস ভক্ষণ

নরবলি দেওয়ার পাশাপাশি নরমাংস ভক্ষণও বাইবেলের একটা পরিচিত কর্ম। এমনকি নিজের সন্তান হত্যা করে রান্না করে খাওয়াও বাইবেল স্বীকৃত কর্ম: ‘‘ইসরাইলের বাদশাহ একদিন যখন শহরের দেয়ালের উপর দিয়ে যাচ্ছিলেন তখন একজন স্ত্রীলোক চিৎকার করে তাঁকে বলল, হে আমার প্রভু মহারাজ, আমাকে সাহায্য করুন। ... এই স্ত্রীলোকটি আমাকে বলেছিল, ‘আজ তোমার ছেলেকে আমাদের খেতে দাও, কাল আমরা আমার ছেলেকে খাব।’ কাজেই আমরা আমার ছেলেকে রান্না করে খেয়েছি। পরের দিন আমি তাকে বললাম, ‘এবার তোমার ছেলেকে আমাদের খেতে দাও।’ কিন্তু সে তাকে লুকিয়ে রেখেছে।’’ (২ বাদশাহনামা ৬/২৬-২৯)

পাঠক, কল্পনা করতে পারেন! নিজের সন্তানকে হত্যা করে আবার উপাদেয় করে রান্না করে খাওয়া হচ্ছে! ঈশ্বরের প্রিয় পবিত্র সন্তানদের এই কর্ম!

বাইবেল বার বার বলছে যে, অবাধ্যদের শাস্তি হিসেবে ঈশ্বর নরমাংস ভক্ষণের ব্যবস্থা করেন। যেমন: ‘‘তোমার উপর যারা জুলুম করে আমি তাদের মাংস তাদেরই খাওয়াব।’’ (যিশাইয়/ ইশাইয়া ৪৯/২৬)। ‘‘আর তোমরা নিজ নিজ পুত্রদের মাংস ভোজন করবে ও নিজ নিজ কন্যাদের মাংস ভোজন করবে’’ (লেবীয় ২৬/২৯, মো.-১৩)। ‘‘তখন আমি তাহাদিগকে তাহাদের পুত্রদের মাংস এবং তাহাদের কন্যাদের মাংস ভোজন করাইব, এবং তাহারা প্রত্যেকে আপন আপন বন্ধুর মাংস খাইবে’’ (যিরমিয় ১৯/৯)। ‘‘পিতারা সন্তানদেরকে ভোজন করবে, ও সন্তানেরা নিজ নিজ পিতাকে ভোজন করবে’’ (যিহিষ্কেল/ ইহিস্কেল ৫/১০, মো.-১৩)।

‘‘কিন্তু তোমরা যদি তোমাদের মাবুদ আল্লাহর কথায় কান না দাও এবং আজকের দেওয়া আমার এই সব হুকুম ও নিয়ম যত্নের সংগে পালন না কর, তবে ... সেগুলো ঘেরাও করে রাখবার সময় শত্রুরা তোমাদের এমন কষ্টে ফেলবে যে, তোমরা তোমাদের নিজেদের সন্তানদেরকেই খাবে, অর্থাৎ তোমাদের মাবুদ আল্লাহর দেওয়া ছেলেমেয়েদের মাংস খাবে।.... তোমাদের মধ্যে যে স্ত্রীলোক কোমল স্বভাবের এবং এমন ভাল অবস্থায় মানুষ হয়েছে যে, তাকে কোন দিন মাটিতে পা ফেলতে হয় নি, তারও তার প্রিয় স্বামী ও ছেলেমেয়েদের প্রতি কোন দয়ামায়া থাকবে না। সন্তান জন্মের পর সেই সন্তান এবং তার পরে শরীর থেকে বের হয়ে আসা ফুল, এর কোনটাই সে তাদের খেতে দেবে না। ... সে নিজেই সেই ফুল ও সন্তান চুপিচুপি খাবে।’’ (দ্বিতীয় বিবরণ ২৮/১৫ ও ৫৩-৫৭)

গ্যারি ডেভানি লেখেছেন: “If you don't obey the Biblical God, He will make you secretly eat your child? Could you acquit your God for doing this to you and your infant? Can you visualize the monster of monsters within the pages of the Bible?” ‘‘আপনি যদি বাইবেলের ঈশ্বরের আনুগত্য না করেন তবে তিনি আপনার জন্য ব্যবস্থা করবেন যে, আপনি নিজেই গোপনে আপনার সন্তানকে ভক্ষণ করবেন। আপনার ও আপনার শিশুর প্রতি এরূপ কর্ম করার কারণে আপনি কি আপনার

ঈশ্বরকে নির্দোষ বলে গণ্য করতে পারেন? আপনি কি বাইবেলের পৃষ্ঠাগুলোর মধ্যে দানবকুলের মহাদানবকে দেখতে পান?”[1]

বাইবেল অন্যত্র বলছে: “সেখানে তোমরা মাংস ও রক্ত খাবে। তোমরা শক্তিশালী লোকদের মাংস খাবে এবং দুনিয়ার শাসনকর্তাদের রক্ত খাবে; এই লোকেরা যেন বাশন দেশের মোটাসোটা পুরুষ ভেড়া, বাচ্চা-ভেড়া, ছাগল ও ষাঁড়। যে কোরবানীর ব্যবস্থা আমি তোমাদের জন্য করব তাতে তোমরা পেট না ভরা পর্যন্ত চর্বি খাবে এবং মাতাল না হওয়া পর্যন্ত রক্ত খাবে।” (ইহিস্কেল ৩৯/১৭-১৯)

## ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id58.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14404

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন